



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

[www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd), email: [sbcontroller16@gmail.com](mailto:sbcontroller16@gmail.com)



স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/পুন:নিরী:/২০২২/১৫৩

তারিখ : ২৮/১১/২০২২খ্রি.

## এসএসসি পরীক্ষা-২০২২ পুন:নিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আন্ত:শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর পুন:নিরীক্ষণের জন্য কেবল Teletalk মোবাইলের মাধ্যমে ২৯/১১/২০২২ তারিখ হতে ০৫/১২/২০২২ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে পুন:নিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে <RSC> <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর <Space> বিষয় কোড লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণ: সিলেট বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 100001 হলে এবং পরীক্ষার্থী আবেদন করতে চাইলে Message অপশনে RSC Syl 100001 136 লিখে Send করতে হবে 16222 নম্বরে। ফিরতি এসএমএস-এ আবেদন বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। এতে সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে- RSC<Space>Yes<Space>PIN<Space>Contact Number (যে কোন মোবাইল নম্বর) লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উল্লেখ্য পুন: নিরীক্ষণের ক্ষেত্রে একই এসএমএস এর মাধ্যমে একাধিক বিষয়ের (যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে) জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয় কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন পদার্থ ও রসায়ন দুটি বিষয়ের জন্য আপনার টেলিটক প্রি-পেইড মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে RSC<Space>Syl<Space>Roll Number <Space> 136,137 লিখতে হবে। এ ক্ষেত্রে প্রতিটি পত্রের জন্য ১২৫/= (একশত পঁচিশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে।

সংশোধিত ফল যথাসময়ে [www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd) তে প্রকাশ করা হবে এবং [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) তে তা update আকারে দেখা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

*Signature*  
28/11/22

*Signature*  
২৮/১১/২০২২

(প্রফেসর অরুণ চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।